

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কর কমিশনারের কার্যালয়  
ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট, ঢাকা।  
অস্থায়ী কার্যালয়ঃ “রিজ আহমেদ স্কয়ার” (৬ষ্ঠ তলা),  
৫০/১, ভি.আই.পি রোড, নয়াপল্টন, ঢাকা।

নথি নং- নিয়োগ কমিটির সভা আহবান/ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট/২০২৩-২০২৪/১৬২ তারিখঃ ০৯/০৬/২০২৪ খ্রি.

### নোটিশ

ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট, ঢাকা এর ১৩তম গ্রেড হতে ২০তম গ্রেডে ৪৩(তেতাল্লিশ)টি শূন্য পদের বিপরীতে সরাসরি নিয়োগ কার্যক্রমের নিমিত্ত গত ০৭/০৬/২০২৪ তারিখে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অবগতির জন্য আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে,

- ২। কম্পিউটার অপারেটর (গ্রেড-১৩), স্টাফ মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪) এবং অফিস সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক (গ্রেড-১৬) পদের ব্যবহারিক পরীক্ষা আগামী ১০/০৬/২০২৪ তারিখ সকাল ০৯:৩০ ঘটিকায় বিসিএস (কর) একাডেমি, ৪৭, সিদ্ধেশ্বরী সার্কুলার রোড, ঢাকায় অনুষ্ঠিত হবে। ব্যবহারিক পরীক্ষার সময় মূল প্রবেশপত্র নিয়ে নির্ধারিত তারিখ, সময় ও স্থানে উপস্থিত হওয়ার জন্য সংশ্লিষ্ট প্রার্থীদের অনুরোধ হলো। উল্লেখ্য যে, ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা ১১ জুন, ২০২৪ তারিখ মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকায় কর কমিশনারের কার্যালয়, ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট, ঢাকা, ৫০/১, ভি.আই.পি রোড, নয়াপল্টন, ঢাকায় অনুষ্ঠিত হবে।
- ৩। প্রধান সহকারী (গ্রেড-১৩) ও উচ্চমান সহকারী (গ্রেড-১৪) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ১১ জুন, ২০২৪ তারিখ, মঙ্গলবার সকাল ১০:০০ ঘটিকা ও অফিস সহায়ক (গ্রেড-২০) পদে লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষা আগামী ১২ জুন, ২০২৪ তারিখ, বুধবার সকাল ১০:০০ ঘটিকায় কর কমিশনারের কার্যালয়, ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট, ঢাকা, ৫০/১, ভি.আই.পি রোড, নয়াপল্টন, ঢাকায় অনুষ্ঠিত হবে।
- ৪। মৌখিক পরীক্ষার সময় শিক্ষাগত যোগ্যতার সনদপত্রসহ বিজ্ঞপ্তিতে উল্লিখিত অন্যান্য সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত সকল সনদের ০১(এক) কপি অনুলিপি দাখিল করতে হবে।
- ৫। পরীক্ষার্থীদের কোনরূপ টিএ ডিএ প্রদান করা হবে না।
- ৬। পরীক্ষা সংক্রান্ত যে কোন ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।



(মোঃ ফারজানুল ইসলাম)  
উপ কর কমিশনার, সদর দপ্তর (প্রশাসন)

ও  
সদস্য সচিব  
বিভাগীয় নিয়োগ প্রদান কমিটি  
ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট, ঢাকা।

০৯/০৬/২০২৪